# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১


শোক বার্তা

সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শোক প্রকাশ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী আপসহীন নেত্রী বেগম খালেদা জিয়া আজ সকাল ছয়টায় ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার। এক শোক বার্তায় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল -আওয়াল বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়ার  মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। তিনি ছিলেন গণতন্ত্রের জন্য একজন সাহসী, অবিচল, দৃঢ়চেতা ও আপসহীন রাজনৈতিক নেতা, যিনি তিনবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন।  গণতন্ত্র ও জাতীয় সার্বভৌমত্ব রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

খালেদা জিয়া ছিলেন বাংলাদেশের মানুষের কাছে  মমতা, সাহস ও প্রেরণার প্রতীক—একজন অভিভাবকসুলভ নেতৃত্বের নাম। তাঁর জীবন ছিল ত্যাগ, সংগ্রাম ও নিরবচ্ছিন্ন লড়াইয়ের প্রতিচ্ছবি। বাংলাদেশের মর্যাদা, স্বাধীনতা, গণতন্ত্র এবং জনগণের মাথা উঁচু করে বাঁচার অধিকার প্রতিষ্ঠার জন্য তিনি আজীবন সংগ্রাম করেছেন।
এক সংগ্রামী দেশপ্রেমিক রাজনীতিবিদ ও রাষ্ট্রনায়ক  হিসেবে ইতিহাসে তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

অনুরূপভাবে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন উপ উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। তাঁরা মহান আল্লাহর কাছে খালেদা জিয়ার আত্মার শান্তির জন্য প্রার্থনা করেছেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে
বার্তা প্রেরক
স্বাক্ষরিত/-
(মোঃ ফারুক হোসেন চৌধুরী )
অতিরিক্ত পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।